



জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা

নিয়োগ বিজ্ঞপ্তি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট-এ ১ জন সহকারী অধ্যাপক; ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে ২ জন প্রভাষক (১ জন শূন্য পদে ও ১ জন সহকারী অধ্যাপকের শূন্য পদের বিপরীতে); নাট্যকলা বিভাগে ১ জন সহকারী অধ্যাপক এবং ফার্মেসী বিভাগে ১ জন সহযোগী অধ্যাপক নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে **online**-এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বেতন স্কেল ও সাধারণ শর্তাবলীসহ পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি এবং **Online**-এ আবেদন করার বিস্তারিত নিয়মাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.job.jnu.ac.bd-এ পাওয়া যাবে।

সহযোগী অধ্যাপক পদের জন্য ৯০০.০০ (নয়শত) টাকা এবং সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের জন্য ৬০০.০০ (ছয়শত) টাকা **SureCash/Nagad/Rocket**-এর মাধ্যমে **Payment** করতে হবে। শিক্ষাগত যোগ্যতার মূল সনদ ও নম্বরপত্র এবং অভিজ্ঞতার প্রমাণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)-এর সত্যায়িত প্রতিলিপি, সকল গবেষণা প্রবন্ধ/প্রকাশনার কপি (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত প্রতিলিপি এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি যুক্ত করে **online**-এ দাখিলকৃত আবেদন ফরম-এর প্রিন্ট কপিসহ আবেদনপত্র {সহযোগী অধ্যাপক পদের জন্য ১১ (এগার) সেট এবং সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের জন্য ৮ (আট) সেট} নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (ডাকযোগে/কুরিয়ার সার্ভিস-এর মাধ্যমে/সরাসরি) পৌঁছাতে হবে। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ আগামী ২৭/০১/২০২২। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।

(প্রকৌশলী মো. ওহিদুজ্জামান
রেজিস্ট্রার